প্রথম আলো

তারিখ ...... 3 APR 2009
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ...

# বখাটেদের উৎপাতে ছাত্রীরা অতিষ্ঠ

নান্দাইল (ময়মনসিংহ) প্রতিনিধি ●

ময়মনসিংহের নান্দাইল পৌরএলাকার পথে-ঘাটে বখাটেরা স্কুল-কলেজগামী ছাত্রীদের প্রতিদিন উত্যক্ত করছে। ছাত্রীরা স্কুল-কলেজে আসা যাওয়ার সময়ে শহরের কয়েকটি রাস্তায় বখাটেরা দলবেধে বসে ছাত্রীদের অশালীন কথা বলে অভিভাবকরা জানিয়েছেন। আর এতে অনেক অভিভাবক তাদের সন্তানদের নিরাপত্তা নিয়ে চিন্তিত হয়ে পড়ছেন। এ অবস্থায় অনেক অভিভাবক তাঁদের মেয়েদের পাহাড়া দিয়ে বিদ্যালয়ে নিয়ে যাচ্ছেন।

অভিভাবকদের অভিযোগের প্রেক্ষিতে গত মঙ্গলবার সরেজমিনে গিয়ে নান্দাইল বাইপাস রাস্তা, হাসপাতাল সড়ক, বালিকা বিদ্যালয়ের সামনের রাস্তা, সড়ক ও জনপথ বিভাগের সেতুর নিরাপত্তা বেষ্টনীর ওপর বখাটেদের বসে থাকতে দেখা গেছে। স্থানীয় টেম্পু স্ট্যাণ্ডের আশেপাশে বসে থাকা বখাটেরাও ছাত্রীদের উত্যক্ত করে বলে এলাকাবাসী অভিযোগ করেছেন।

গারুয়া গ্রামের এক অভিভাবক জানান, তাঁর মেয়ে বিদ্যালয়ে আসা যাওয়ার পথে প্রতিদিন বখাটেদের উৎপাতের শিকার হচ্ছেন। এমনকি বখাটেরা তাঁর মেয়েকে কয়েকবার অপহরনের হুমকি দিয়েছে। নান্দাইল বাজারের এক ব্যবসায়ি জানান, তাঁর বিদ্যালয় পড়ুয়া মেয়েকে বখাটেরা নানাভাবে উত্তক্ত করছে। নান্দাইলের এক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে জানান, বখাটেদের উৎপাতের কারণে তিনি তাঁর মেয়েকে পড়াশোনার জন্য ময়মনসিংহ শহরে পাঠিয়ে দিয়েছেন।

নান্দাইলের বাঁশহাটি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক প্রবাল কান্তি মজুমদার জানান, বিদ্যালয়ের পাশের একটি পোশাক কারখানার শ্রমিকেরা ছাত্রীদের উত্তক্ত করতো। এ কারণে বাধ্য হয়ে বিদ্যালয় কতৃপক্ষ বিদ্যালয়ের সময়সূচি পরিবর্তন করেছে।

নান্দাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আজিজুল হক বলেন 'কিছুদিন আগে বখাটেদের উৎপাত নিয়ে কয়েকটি অভিযোগ পাওয়ার পর পুলিশ প্রাথমিকভাবে বখাটেদের সতর্ক করে দিয়েছিল। রাস্তাঘাটে বখাটেদের উৎপাত প্রতিরোধে বিদ্যালয় কতৃপক্ষ ও পুলিশকে একত্রিত হয়ে কাজ করতে হবে। যখনই ঘটনা ঘটুক তাৎক্ষনিকভাবে পুলিশকে বিষয়টি জানাতে হবে।'